

পত্র নং-৩৩.০২.০০০০.১১০.১৩.০০৪.১৬- ৪৩৭ (২৫০)

তারিখঃ- ০৪/০৯/২০১৬ খ্রি

বিষয়ঃ অডিট আপত্তির সাথে সংগতি রেখে ব্রডশীট জবাব প্রস্তুত ও প্রেরণ প্রসঙ্গে।

সূত্রঃ মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, প্রশাসন-৪ শাখার পত্র নং- ৩৩.০০.০০০০.১০৯.০৬.০০১.১৬-৩২১, তারিখঃ ১৯ জুলাই ২০১৬।

উপর্যুক্ত বিষয় ও সূত্রপত্রের আলোকে জানানো যাচ্ছে যে, গত ৩০ জুন ২০১৬ খ্রি. তারিখ মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপতিত্বে মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত সমন্বয় সভায় অডিট আপত্তির ব্রডশীট জবাব প্রদানের বিষয়ে সচিব মহোদয় জানান যে, কোন কোন ক্ষেত্রে আপত্তির বিষয়ের সাথে স্থানীয় কর্তৃপক্ষের জবাবের মিল না থাকা, জবাব সন্তোষজনক না হওয়া, প্রমাণক না থাকা ইত্যাদি সত্ত্বেও জবাবের আলোকে সুস্পষ্ট মতামত না দিয়ে আপত্তি নিষ্পত্তির জন্য সংস্থা থেকে সুপারিশ করা হয়। অডিট আপত্তির বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দ্রুত ব্যবস্থা গ্রহণ, আপত্তি নিষ্পত্তির জন্য আপত্তির প্রমাণকসহ সন্তোষজনক জবাব উপস্থাপন এবং সংস্থা কর্তৃক সুস্পষ্ট মতামতসহ আপত্তি নিষ্পত্তির সুপারিশ করার জন্য সচিব মহোদয় নির্দেশ প্রদান করেন (কপি সংযুক্ত)।

অতএব, অডিট আপত্তি দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে অডিট আপত্তির সঙ্গে সংগতি রেখে স্থানীয় কর্তৃপক্ষের যথাযথ মতামত/অভিমত সম্বলিত ব্রডশীট জবাব উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য, ব্রডশীট জবাব অসংগতিপূর্ণ, প্রমাণকবিহীন ও অসম্পূর্ণ হলে উহা যেকোন পর্যায় হতে নিম্নগামী অর্থাৎ ফেরৎ প্রেরণ করা হবে এবং সংশ্লিষ্ট জবাব প্রদানকারীকে নিরীক্ষা আপত্তি নিষ্পত্তির অনাকাঙ্ক্ষিত বিলম্ব ঘটানোর দায়-দায়িত্ব বহন করতে হবে।

সংযুক্তিঃ বর্ণনামোতাবেক।

‘বিষয়টি অতীব জরুরি’

(সৈয়দ আরিফ আজাদ)  
মহাপরিচালক (অতিঃ দায়িত্ব)  
ফোন- ০২-৯৫৬২৮৬১

ই-মেইল- dg@fisheries.gov.bd  
৩৩/৮/১৬

কার্যার্থেঃ

- ১। পরিচালক, মৎস্য প্রশিক্ষণ একাডেমী, ডাকঘর- পি.এ, টি, সি, সাভার, ঢাকা।
- ২। পরিচালক, সামুদ্রিক মৎস্য দপ্তর, সিজিএ ভবন, চট্টগ্রাম।
- ৩। প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, সামুদ্রিক মৎস্য জরিপ ও ব্যবস্থাপনা ইউনিট, আগ্রাবাদ, চট্টগ্রাম।
- ৪। পরিচালক/প্রকল্প পরিচালক, বাওড় মৎস্য উন্নয়ন প্রকল্প (রাজশ্ব), আরবপুর, যশোর।
- ৫। অধ্যক্ষ, মৎস্য প্রশিক্ষণ ইনস্টিটিউট, চাঁদপুর।
- ৬। উপ-পরিচালক/বিভাগীয় মৎস্য দপ্তর, ঢাকা বিভাগ, ঢাকা/ চট্টগ্রাম বিভাগ, কুমিল্লা/ রাজশাহী বিভাগ, রাজশাহী/ খুলনা বিভাগ, খুলনা/ বরিশাল বিভাগ, বরিশাল/ সিলেট বিভাগ, সিলেট/ রংপুর বিভাগ, রংপুর/ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ। (আপনার অধীনস্থ সকল দপ্তরসমূহকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)
- ৭। উপ-পরিচালক, মৎস্য পরিদর্শন ও মান নিয়ন্ত্রণ, মৎস্য অধিদপ্তর, ঢাকা/ চট্টগ্রাম/খুলনা।
- ৮। জেলা মৎস্য কর্মকর্তা, ..... (সকল)।
- ৯। উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, মৎস্য প্রজনন ও প্রশিক্ষণ কেন্দ্র, মৎস্য অধিদপ্তর, রায়পুর, লক্ষ্মীপুর।
- ১০। অধ্যক্ষ, মৎস্য প্রশিক্ষণ ও সম্প্রসারণ কেন্দ্র, মৎস্য অধিদপ্তর, ফরিদপুর।
- ১১। আঞ্চলিক মৎস্য কর্মকর্তা, মৎস্য অধিদপ্তর, কক্সবাজার/ কালীগঞ্জ, সাতক্ষীরা।
- ১২। জাতীয় প্রকল্প পরিচালক/প্রকল্প পরিচালক, ..... (সকল)।
- ১৩। সহকারী পরিচালক, সেবা ও সরবরাহ শাখা/ ক্যাশ শাখা/ হিসাব শাখা, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।
- ১৪। সহকারী পরিচালক (রিজার্ভ), আইটি শাখা, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা। পত্রটি মৎস্য অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ১৫। সিনিয়র উপজেলা উপজেলা মৎস্য কর্মকর্তা, ..... (সকল)।
- ১৬। খামার ব্যবস্থাপক, ..... (সকল)।
- ১৭। অডিট কর্মকর্তা, অডিট শাখা, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।